# Lack of unified Muslim Ummah behind misery of Gazans: Hasan Mahmud

DIPLOMACY - BANGLADESH

**UNB**



Criticising the Israeli occupation in Gaza, Foreign Minister Hasan Mahmud said what is happening in Gaza is unbearable and such incidents occur because of the lack of unity in the Muslim Ummah.

Inhumane incidents have occurred not only in Gaza but in various parts of the world, he said at the 36th convocation ceremony of the Islamic University of Technology (IUT) in Gazipur yesterday.


Addressing the students, the Minister urged, "Currently, people have become self-centered. As a result, humanity and love are non-existent now. We are continuously becoming like machines. I urge you not to become like machines."

He further stated, "We are in an era of rapid scientific and technological change. The paradigms of life and living are changing around us. In this era of technological advancement, where artificial intelligence, robotics, quantum computing, and genetics are reshaping our world, the role of IUT is more crucial. It is not only about providing technical knowledge but also about creating leaders, innovators, and researchers who can utilise these technologies for the betterment of society.

The convocation ceremony, held at the university's auditorium, was presided over by Vice-Chancellor Professor Mohammad Rafiqul Islam. Other speakers included Ahmad Kawesa Sengendo, OIC Assistant Secretary-General for Economic Affairs, Professor Saleh Ibrahim Alkasumi, Chairman of the IUT Governing Board, and Professor Mohammad Ataul Karim.

The organisers informed us that 543 students from 14 countries graduated in this convocation. Among them, 480 were from Bangladesh and 63 were international students. This group included one PhD and 27 MSc students. Eight graduates received OIC and IUT Gold Medals for academic excellence.

SOURCE: daily The BUSINESS STANDARD on 29/06/2024




**Foreign Minister Dr. Hasan Mahmud speaks at 36th convocation of Islamic University of Technology at Gazipur on Friday.** ■ **NN photo**

SOURCE: The daily NEW NATION on 29/06/2024




**গাজীপুর :** গতকাল আইইউটির সমাবর্তন অনুষ্ঠানে বক্তব্য রাখেন পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ —ইত্তেফাক

# জ্ঞান ও দক্ষতাকে সমাজের ইতিবাচক পরিবর্তনে কাজে লাগাতে হবে
## —পররাষ্ট্রমন্ত্রী

■ **গাজীপুর প্রতিনিধি**

পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ বলেছেন, প্রযুক্তিগত জ্ঞান ও দক্ষতাকে সমাজের ইতিবাচক পরিবর্তনে কাজে লাগাতে হবে। পরবর্তী প্রজন্মের জন্য দক্ষ নেতৃত্ব গড়ে তুলতে নতুন নতুন উদ্ভাবনের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। তিনি শুক্রবার সকালে গাজীপুরের বোর্ড বাজারস্থ ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজি আইইউটির (ইসলামিক প্রযুক্তি বিশ্ববিদ্যালয়) ৩৬তম সমাবর্তন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। ইসলামিক সহযোগিতা সংস্থা বা ওআইসি কর্তৃক পরিচালিত এ বিশ্ববিদ্যালয়ে বিশ্বের বিভিন্ন মুসলিম দেশের শিক্ষার্থীরা পড়াশোনা করে।

সমাবর্তন অনুষ্ঠানে পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ আরো বলেন, যেহেতু আমরা আধুনিক বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে চলি তাই বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবিলায় প্রযুক্তিগত সুযোগ-সুবিধাকে কাজে লাগাতে হবে। আমি নিশ্চিত যে, আপনারা এখান থেকে যে শিক্ষা এবং প্রশিক্ষণ নিয়েছেন তা দিয়ে বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবিলা করতে সক্ষম হবেন।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রফিকুল ইসলামের সভাপতিত্বে সমাবর্তন বক্তা হিসেবে বক্তব্য রাখেন মার্কিন যুক্তরাষ্ট্রের ম্যাসাচুসেটস ডারমাউথ বিশ্ববিদ্যালয়ের সাবেক প্রভোস্ট এবং এক্সিকিউটিভ ভাইস চ্যান্সেলর ফর একাডেমিক অ্যাফেয়ার্স অধ্যাপক ড. মো. আতাউল করিম। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন আইইউটির উপাচার্য এবং ওআইসির সেক্রেটারি জেনারেলের প্রতিনিধি ড. আহমেদ কাউইসা স্যানগেনড়ু এবং সম্মানিত অতিথির বক্তব্য রাখেন সৌদি আরবের কিং সাউদ বিশ্ববিদ্যালয়ের ফার্মাকোনজি বিভাগের অধ্যাপক এবং আইইউটির গভর্নিং বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক ডক্টর সালেহ ইব্রাহিম আল কাসুমী। সমাবর্তন অনুষ্ঠানে বাংলাদেশসহ ওআইসির ১৪টি দেশের ৫৪৩ জন শিক্ষার্থীকে গ্র্যাজুয়েট সনদ প্রদান করা হয়।

SOURCE: The daily ইত্তেফাক on 29/06/2024

# সময়ের বিবর্তনে মানুষ ক্রমেই স্বার্থপর হয়ে উঠছে : পররাষ্ট্রমন্ত্রী

**স্টাফ রিপোর্টার :** পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, সময়ের বিবর্তনে মানুষ আজ ক্রমেই স্বার্থপর হয়ে উঠছে। অন্যের কথা আর ভাবতে চায় না। এই অবক্ষয় থেকে সমাজকে ফিরিয়ে আনতে শিক্ষিত তরুণ সমাজকে অগ্রণী হতে হবে। এ সময় তিনি উচ্চশিক্ষা লাভ করে শুধু নিজের জন্য নয়, দেশ, সমাজ ও বিশ্বমানবতার সেবার ব্রতে আত্মনিয়োগ করতে তরুণ গ্র্যাজুয়েটদের প্রতি আহবান জানিয়েছেন। গতকাল শুক্রবার দুপুরে গাজীপুরের বোর্ড বাজারে ইসলামিক ইউনিভার্সিটি অভ টেকনোলজির (আইইউটি) ৩৬তম সমাবর্তনে প্রধান অতিথির বক্তৃতা তিনি এ আহবান জানান। আইইউটি উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রফিকুল ইসলামের সভাপতিত্বে ওআইসির সহকারী মহাসচিব ড. আহমদ কাওয়েসো সেনজেনডো বিশেষ অতিথি হিসেবে সমাবর্তনে বক্তব্য দেন।

মুসলিম দেশগুলো আরো ঐক্যবদ্ধ থাকলে গাজায় মানবিক বিপর্যয় এবং মিয়ানমারে রোহিঙ্গাদের ওপর নির্যাতন রোধ করা যেতো উল্লেখ করে পররাষ্ট্রমন্ত্রী বলেন, চলমান সংঘাত বন্ধে ও সংঘাতমুক্ত বিশ্ব গড়তে বিশ্ব জনমত তৈরিতে এগিয়ে আসতে হবে। তরুণ শিক্ষার্থীদের উদ্দেশ্যে ড. হাছান বলেন, জীবন এক যুদ্ধক্ষেত্র এবং স্বপ্ন আর প্রচেষ্টা এই যুদ্ধজয়ের সবচেয়ে বড় হাতিয়ার।

SOURCE: The daily ইনকিলাব on 29/06/2024

# আইইউটি সমাবর্তন

## জ্ঞান ও দক্ষতা সমাজের ইতিবাচক পরিবর্তনে কাজে লাগাতে হবে ॥ পররাষ্ট্রমন্ত্রী

**স্টাফ রিপোর্টার, গাজীপুর ॥** পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ বলেছেন, প্রযুক্তিগত জ্ঞান ও দক্ষতাকে সমাজের ইতিবাচক পরিবর্তনে কাজে লাগাতে হবে। পরবর্তী প্রজন্মের জন্য দক্ষ নেতৃত্ব গড়ে তুলতে নতুন নতুন উদ্ভাবনের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।

শুক্রবার সকালে গাজীপুরের বোর্ড বাজারস্থ ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজি (আইইউটি) ৩৬তম সমাবর্তন *(১৫ পৃষ্ঠা ৬ কঃ দেখুন)*

## জ্ঞান ও দক্ষতা

(১৬-এর পৃষ্ঠার পর)

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ইসলামিক সহযোগিতা সংস্থা বা ওআইসি পরিচালিত এ বিশ্ববিদ্যালয়ে বিশ্বের বিভিন্ন মুসলিম দেশ থেকে শিক্ষার্থীরা পড়াশোনা করেন।

সমাবর্তন অনুষ্ঠানে পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ আরও বলেন, আমরা আধুনিক বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে চলি তাই বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবিলায় প্রযুক্তিগত সুযোগ-সুবিধাকে কাজে লাগাতে হবে। আমি নিশ্চিত যে আপনারা এখন থেকে যে শিক্ষা এবং প্রশিক্ষণ নিয়েছেন তা দিয়ে বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবিলা করতে সক্ষম হবেন। তিনি গ্র্যাজুয়েটদের উদ্দেশে বলেন, আজকের দিনটি শুধুমাত্র আপনাদের একাডেমিক প্রচেষ্টার সমাপ্তি নয়, সীমাহীন সম্ভাবনায় ভরা একটি নতুন অধ্যায়েরও সূচনা। আপনাদের অর্জিত জ্ঞান ও দক্ষতা দিয়ে সমাজের অগ্রগতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখবেন।

SOURCE: The daily জনকণ্ঠ on 29/06/2024

# FM: Lack of unified Muslim Ummah behind misery of Gazans




Criticizing the Israeli occupation in Gaza, Foreign Minister Hasan Mahmud said that what is happening in Gaza is unbearable and such incidents occur because of the lack of unity in the Muslim Ummah.

Inhumane incidents have occurred not only in Gaza but in various parts of the world, he said.

He made these remarks as the chief guest at the 36th convocation ceremony of the Islamic University of Technology (IUT) in Gazipur on Friday morning.

Addressing the students, the minister urged: "Currently, people have become self-centered. As a result, humanity and love is nonexistent now. We are continuously becoming like machines. I urge you not to become like machines."

He further stated: "We are in an era of rapid scientific and technological change. The paradigms of life and living are changing around us. In this era of technological advancement, where artificial intelligence, robotics, quantum computing, and genetics are reshaping our world, the role of IUT is more crucial. It is not only about providing technical knowledge but also about creating leaders, innovators, and researchers who can utilize these technologies for the betterment of society."

The convocation ceremony, held at the university's auditorium, was presided over by Vice-Chancellor Professor Dr Mohammad Rafiqul Islam. Other speakers included Ahmad Kawesa Sengendo, OIC Assistant Secretary-General for Economic Affairs, Professor Dr Saleh Ibrahim Alkasumi, Chairman of the IUT Governing Board, and Professor Dr Mohammad Ataul Karim.

The organizers informed that 543 students from 14 countries graduated in this convocation.

Among them, 480 were from Bangladesh and 63 were international students.

This group included one PhD and 27 MSc students. Eight graduates received OIC and IUT Gold Medals for academic excellence.
SOURCE: https://www.dhakatribune.com/350472

## আইইউটি সমাবর্তন: তরুণদের দেশ ও বিশ্বমানবতার সেবায় ব্রতী হতে আহ্বান পররাষ্ট্রমন্ত্রীর

উচ্চশিক্ষা লাভ করে শুধু নিজের জন্য নয়, দেশ, সমাজ ও বিশ্বমানবতার সেবায় আত্মনিয়োগ করতে তরুণদের প্রতি আহ্বান জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ।

শুক্রবার (২৮ জুন) দুপুরে গাজীপুরের বোর্ডবাজারে ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজির (আইইউটি) ৩৬তম সমাবর্তনে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ আহ্বান জানান।

হাছান মাহমুদ বলেন, সময়ের বিবর্তনে মানুষ আজ ক্রমেই স্বার্থপর হয়ে উঠছে। অন্যের কথা আর ভাবতে চায় না। এই অবক্ষয় থেকে সমাজকে ফিরিয়ে আনতে শিক্ষিত তরুণ সমাজকে অগ্রণী হতে হবে।

মুসলিম দেশগুলো আরও ঐক্যবদ্ধ থাকলে গাজায় মানবিক বিপর্যয় এবং মিয়ানমারে রোহিঙ্গাদের ওপর নির্যাতন রোধ করা যেত উল্লেখ করে পররাষ্ট্রমন্ত্রী বলেন, চলমান সংঘাত বন্ধে ও সংঘাতমুক্ত বিশ্ব গড়তে বিশ্ব জনমত তৈরিতে এগিয়ে আসতে হবে।

তরুণ শিক্ষার্থীদের উদ্দেশে ড. হাছান বলেন, জীবন এক যুদ্ধক্ষেত্র এবং স্বপ্ন আর প্রচেষ্টা এই যুদ্ধজয়ের সবচেয়ে বড় হাতিয়ার।

ভারতের প্রয়াত প্রেসিডেন্ট এপিজে আব্দুল কালামের উক্তি স্মরণ করে পররাষ্ট্রমন্ত্রী বলেন, যে স্বপ্ন মানুষকে ঘুমাতে দেয় না, সেই স্বপ্ন আর স্বপ্নজয়ের প্রচেষ্টা একাকার হলে বিপুল বিদ্যুৎ-চৌম্বকীয় শক্তির উদ্ভব হয়। আর এই শক্তি অপ্রতিরোধ্য।

এ সময় বাংলাদেশে এ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য অর্গানাইজেশন অব ইসলামিক কো-অপারেশনকে (ওআইসি) ধন্যবাদ জানিয়ে বলেন, আইইউটি আজ দেশি-বিদেশি শিক্ষার্থীদের প্রযুক্তি বিষয়ে উচ্চ শিক্ষায় এক অনন্য বিদ্যাপীঠ হিসেবে প্রতিষ্ঠিত। সামনের দিনগুলোতেও আইইউটি 'সেন্টার অভ এক্সিলেন্স' হিসেবে তার অবস্থান অক্ষুণ্ণ রাখবে বলে আশাবাদ ব্যক্ত করেন মন্ত্রী।

আইইউটি উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রফিকুল ইসলামের সভাপতিত্বে সমাবর্তনে বিশেষ অতিথি হিসেবে ছিলেন ওআইসির সহকারী মহাসচিব ড. আহমদ কাওয়েসা সেনজেনডো।

SOURCE: **The UNB online version on 28/06/2024**

Compiled by: AKM Habibur Rahman (Sr. Cataloguer)
Copy to:
1) PS to the Vice-Chancellor for kind information of the Vice-Chancellor.

Library (IUT) Islamic University of Technology